



Staten Island Ferry ফিল্ম/ফটোগ্রাফি করার পারমিট সংক্রান্ত প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন

1. একটি পারমিটের আবেদন প্রক্রিয়া করতে কত সময় লাগে?
 - a. পারমিটের আবেদন প্রক্রিয়াকরণে তিন থেকে পাঁচ কার্যদিবস সময় লাগে।
2. কিভাবে পারমিট জারি করা হয়?
 - a. আগে আসলে আগে পাবেন হিসাবে একটি নির্বাচিত সংখ্যক পারমিট প্রতিদিন জারি করা হয় তবে অনুমোদনের কোনো গ্যারান্টি নেই।
3. আপনারা কি ফিল্ম/ফটোগ্রাফি পারমিটের ফি পেমেন্টের জন্য ক্রেডিট কার্ড গ্রহণ করেন?
 - a. না, বর্তমানে আমরা শুধুমাত্র NYC Department of Transportation (নিউ ইয়র্ক সিটি পরিবহন বিভাগ) শনে প্রদেয় এমন মানি অর্ডার বা সার্টিফাইড চেক গ্রহণ করি যা সশরীরে উপস্থিত হয়ে প্রদান করা হয় বা ট্র্যাক করতে পারা মাধ্যমে পাঠানো হয়।
4. আমি কি রিটার্ন ট্রিপের জন্য নৌকায় থেকে যেতে পারি?
 - a. না, USCG-এর বাধ্যতামূলক Staten Island Ferry নিরাপত্তা পরিকল্পনা অনুসারে আপনাকে ফেরিঘাটে পৌঁছানোর পর সেখানে নামতে হবে এবং অন্যান্য যাত্রীদের সাথে পুনরায় উঠতে হবে।
5. আমি আমার সাথে সর্বাধিক কত জন লোক নিয়ে আসতে পারি?
 - a. ফিল্ম/ফটোগ্রাফি পারমিট - বারো (12) জনের বেশি নয়।
6. আপনারা কি অনুমতিপ্রাপ্তদের পার্কিং প্রদান করেন?
 - a. না আমরা অনুমতিপ্রাপ্তদের পার্কিং প্রদান করি না।
7. সপ্তাহের কাজের দিনগুলিতে সকালে বা বিকেলে ভিড়ের সময় কেন আমি ফিল্ম/ফটোগ্রাফির পারমিট নিতে পারবো না?
 - a. Staten Island Ferry Staten Island বাসিন্দা, পর্যটক এবং অন্যান্য যাত্রীদের জন্য Staten Island থেকে Manhattan যাওয়ার এবং ফিরে আসার পরিবহন পরিষেবা প্রদান করে। সপ্তাহের কাজের দিনগুলিতে ভিড়ের সময় ফিল্ম/ফটোগ্রাফির জন্য পারমিট জারি করা হয় না (6 am – 9:30 am এবং 3:30 pm – 7 pm)।
8. আমি কি ফিল্ম/ফটোগ্রাফির জন্য টেবিল বা সাজসরঞ্জাম ব্যবহার করতে পারি?
 - a. না, টেবিল, কাঠামো, চিত্রফলক, ট্রাইপড বা কোনো সাজসরঞ্জামের অনুমতি নেই।
9. আমাদের পারমিট ব্যবহার করার সময় আপনারা কি আমাদের জিনিসপত্র সংরক্ষণ করতে পারেন?
 - a. না আমরা অনুমতিপ্রাপ্তদের স্টোরেজ প্রদান করি না।
10. একটি পারমিটের অনুরোধ করার কোনো সময় সীমা আছে কি?
 - a. ফিল্ম/ফটোগ্রাফি পারমিট – সোমবার থেকে শুক্রবার পর্যন্ত সময়ের সীমাবদ্ধতা রয়েছে। ভিড়ের সময় পারমিট জারি করা হয় না (6 am – 9:30 am এবং 3:30 pm – 7 pm)।
 - b. 11ই সেপ্টেম্বর, Five Boro Bike Tour, NYC Marathon, বা কোনো সিটি/এজেন্সি দ্বারা স্পনসর করা এনগেজমেন্টে পারমিট জারি করা হয় না।
11. আমরা কি টার্মিনাল এবং ফেরিবোটের যেকোনো জায়গায় ফিল্ম/ফটোগ্রাফি করতে পারি?
 - a. আপনি শুধুমাত্র ফেরিবোটের পাবলিক এলাকাতে এবং টার্মিনালেই ফিল্ম বা ফটোগ্রাফির অনুরোধ করতে পারেন।